

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৩৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫১ জ্ঞানের আলাপ-আলোচনা

بَابُ مُذَاكَرَةِ الْعِلْم

আরবী

أَخْبَرَنَا مَرْوَانُ بْنُ مُحَمَّدٍ قَالَ سَمِعْتُ اللَّيْثَ بْنَ سَعْدِ يَقُولُ تَذَاكَرَ ابْنُ شِهَابٍ لَيْلَةً بَعْدَ الْعِشَاءِ حَدِيثًا وَهُوَ جَالِسٌ مُتَوَضِيِّنًا قَالَ فَمَا زَالَ ذَلِكَ مَجْلِسَهُ حَتَّى أَصْبَحَ قَالَ مَرْوَانُ جَعَلَ يَتَذَاكَنُ الْحَدِيثَ

إسناده صحيح

বাংলা

৬৩৮. মারওয়ান ইবনু মুহাম্মদ বলেন, আমি লাইছ ইবনু সা'দকে বলতে শুনেছি, ইবনু শিহাব (যুহুরী) রাহিমাহুল্লাহ রাতে ঈশার সালাতের পরে অযু অবস্থায় বসে হাদীস আলোচনা করতেন। তিনি বলেন: তার এ মাজলিস সকাল পর্যন্ত অব্যাহত থাকতো। মারওয়ান বলেন: তিনি হাদীসের আলোচনাই চালিয়ে যেতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আসাকীর, তারীখ দিমাশক- আয যুহরী নং ৯৫, ৯৬ সনদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মারওয়ান ইবনু মুহাম্মদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন